

# Official Spokesperson's response to media queries regarding the situation in Afghanistan

August 16, 2021

## আফগানিস্তানের পরিস্থিতি সম্পর্কে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

অগস্ট 16, 2021

আফগানিস্তানের পরিস্থিতি সম্পর্কে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচি তার প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে বলেছেন:

"গত কয়েকদিন ধরে কাবুলের নিরাপত্তার পরিস্থিতির উল্লেখযোগ্যভাবে অবনতি হচ্ছে। এমনকি যখন আমরা কথা বলছি তখনও এর পরিস্থিতি দ্রুত বদলাচ্ছে।

2. আফগানিস্তানের পরিস্থিতির উপরে ভারত সরকার নিবিড়ভাবে নজর রেখে চলেছে। ওই দেশে ভারতীয় নাগরিকদের তাৎক্ষণিক ভারতে ফিরা আসার আহ্বান সহ তাদের নিরাপত্তা ও সুরক্ষার জন্য আমরা পর্যায়ক্রমিকভাবে উপদেশ জারি করে আসছি। আমরা জরুরি যোগাযোগ নম্বরগুলি বিলি করেছিলাম এবং সম্প্রদায়ের সদস্যদের সহায়তাও প্রদান করেছিলাম। আমরা অবগত আছি যে, এখনও কিছু ভারতীয় ওখানে রয়েছেন যারা ভারতে ফিরে আসতে চান এবং আমরা তাদের সাথে যোগাযোগ রাখছি।

3. আমরা সর্বশ্রেণি আফগান শিখ এবং হিন্দু সম্প্রদায়ের প্রতিনিধিদের সাথে যোগাযোগ রাখছি। যারা আফগানিস্তান ছেড়ে চলে আসতে ইচ্ছুক তাদের ফিরে আসার জন্য আমরা সহায়তা প্রদান করব। বেশ কিছু সংখ্যক আফগানও রয়েছেন যারা শিক্ষা ও জনগণের সাথে জনগণের যোগাযোগের প্রচেষ্টায় আমাদের পারস্পরিক বিকাশের উন্নতিবর্ধনের অংশীদার। আমরা তাদের পাশে দাঁড়াবো।

4. আজ কাবুল এয়ারপোর্ট থেকে অসামরিক উড়ান বাতিল করা হয়েছে। এটি আমাদের প্রত্যাবর্তন করানোর প্রচেষ্টাকে বন্ধ রাখতে বাধ্য করেছে। আমরা এই প্রক্রিয়াটিকে পুনরায় শুরু করার জন্য উড়ান আবার চালু হবার অপেক্ষায় রয়েছি।

5. আমরা আফগানিস্তানের পরিস্থিতির উপরে উচ্চ পর্যায় স্তরে সার্বক্ষণিক নজর রেখে চলেছি। ভারতীয় নাগরিক এবং আফগানিস্তানে আমাদের স্বার্থের নিরাপত্তা ও সুরক্ষাকে সুনিশ্চিত করার জন্য সরকার সকল রকমের পদক্ষেপ গ্রহণ করবে।"

নিউ দিল্লি

অগস্ট 16, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.